ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

## সংবাদ বিজ্ঞপ্তি

## নাগরিক সনদ প্রণয়ন প্রক্রিয়ায় স্থানীয় অংশগ্রহণ নিশ্চিত করার পাশাপাশি নাগরিকদের সচেতনতা বৃদ্ধির আহ্বান

**সাতক্ষীরা, মঙ্গলবার, মে ১০, ২০১১ঃ** ***"জনসম্পৃক্তকরণের মাধ্যমে সাতক্ষীরা সদর হাসপাতালের সেবার মানোন্নয়নে নাগরিক সনদ বাস্তবায়ন"*** শীর্ষক এক কর্মশালায় অংশগ্রহণকারীগণ নাগরিকদের সচেতনতা বৃদ্ধি ও নাগরিক সনদ প্রণয়ন প্রক্রিয়ায় স্থানীয় অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক) সাতক্ষীরার উদ্যোগে সাতক্ষীরা এলজিইডি অডিটোরিয়ামে আয়োজিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাতক্ষীরার মাননীয় জেলা প্রশাসক জনাব মো. আবদুস সামাদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাতক্ষীরা সদর হাসপাতালের সিভিল সার্জন এস. জেড. আতিক, সদর উপজেলার চেয়ারম্যান আলহাজ্ব মো. নজরুল ইসলাম ও পৌরসভার প্যানেল মেয়র শেখ মো. শফি-উদ-দৌলা (সাগর)। আরো অংশগ্রহণ করেন প্রেসক্লাবের সভাপতি প্রফেসর আবু আহমেদ সহ সাংবাদিক, সনাক, স্বজন, ইয়েস সদস্য ও বিভিন্ন এনজিও কর্মী প্রমূখ। সনাক সাতক্ষীরার আহ্বায়ক আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে সঞ্চালক ছিলেন টিআইবি'র সিভিক এনগেজমেন্ট বিভাগের পরিচালক রাবেয়া রওশন।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় জেলা প্রশাসক জনাব মো. আবদুস সামাদ বলেন, স্বাস্থ্য সেবা প্রাপ্তি নাগরিকের সাংবিধানিক অধিকার। সাতক্ষীরা সদর হাসপাতালে সেবার মান পূর্বের তুলনায় উন্নত হলেও আরও উন্নত করার সুযোগ রয়েছে। এক্ষেত্রে সেবাদাতাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের পাশাপাশি সেবাগ্রহীতাদের সচেতনতা বৃদ্ধি প্রয়োজন। তিনি নাগরিক সনদ প্রণয়নে জনগণের সম্পৃক্তকরণের ওপর গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথির বক্তৃতায় সিভিল সার্জন এস. জেড. আতিক বলেন, ঔষধ পাচার বন্ধ করা হয়েছে, হাসপাতালের বিভিন্ন ক্ষেত্রে অনিয়ম বন্ধের পাশাপাশি শৃঙ্খলা ফিরিয়ে আনা হয়েছে। তিনি জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন। নাগরিক সনদ প্রণয়নে সহযোগিতা করার জন্য তিনি সনাক ও টিআইবিকে ধন্যবাদ জানান। সদর উপজেলার চেয়ারম্যান আলহাজ্ব মো. নজরুল ইসলাম বলেন, সম্পদের অপ্রতুলতা ও কোন কোন ক্ষেত্রে সেবাদাতাদের অনীহার কারণে কাঙ্খিত সেবা নিশ্চিত করা যাচ্ছে না।

কর্মশালায় সাতক্ষীরা সদর হাসপাতালের সেবার মান বিষয়ে আলোচনার পাশাপাশি নাগরিক সনদ প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ের প্রতিনিধিত্বে ১৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিভিন্ন প্রতিষ্ঠানে জনসম্পৃক্তকরণের মাধ্যমে নাগরিক সনদ বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ উদ্যোগের অংশ হিসাবে সাতক্ষীরা সদর হাসপাতালে জনসম্পৃক্তকরণের মাধ্যমে নাগরিক সনদ প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে, যেখানে কারিগরি সহায়তা প্রদান করছে টিআইবি'র অনুপ্রেরণায় গঠিত সনাক-সাতক্ষীরা এবং আর্থিক সহায়তা প্রদান করছে ইউএনডিপি বাংলাদেশ।

**গণমাধ্যম যোগাযোগঃ**

রিজওয়ান–উল–আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন বিভাগ
ফোনঃ ০১৭১৩০৬৫০১২
ই-মেইলঃ rezwan@ti-bangladesh.org